দৈনিক ইত্তেফাক
তারিখ 02 SEP 1998
পৃঃ ২৮ কলাম ৫

# বন্যাঃ ৫ লক্ষ ছাত্র-ছাত্রীর এসএসসি নির্বাচনী পরীক্ষা অনিশ্চিত

আনোয়ার আলদীন ॥ দেশের ভয়াবহ বন্যা পরিস্থিতির কারণে সাড়ে ৫ লক্ষ এসএসসি পরীক্ষার্থী তাহাদের নির্বাচনী পরীক্ষা এবং আড়াই লক্ষ ছাত্র-ছাত্রীর কলেজ ভর্তি অনিশ্চিত হইয়া পড়িয়াছে। দেশের এক-তৃতীয়াংশ বন্যাকবলিত এলাকার ১ হাজার ৭শত ৮টি হাইস্কুল, মাদ্রাসা এবং কলেজ ক্ষতিগ্রস্ত হইয়াছে। ইহার বাহিরে বন্যায় ক্ষতিগ্রস্ত হয় নাই এমন অর্ধসহস্রাধিক স্কুল এবং কলেজে আশ্রয় কেন্দ্র খোলা হইয়াছে। অথচ শিক্ষাবোর্ড আগামী ২৪শে সেপ্টেম্বরের মধ্যে দেশের কলেজগুলির ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশ দিয়াছে এবং এসএসসি পরীক্ষা ১৯৯৯ সালের ৪ঠা মার্চ হইতে শুরুর সিদ্ধান্ত নিয়াছে। নিয়ম অনুযায়ী আগামী নভেম্বরের মধ্যে এসএসসি

(১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## অনিশ্চিত

(শেষ পৃঃ পর)

পরীক্ষার্থীদের প্রি-টেষ্ট এবং টেষ্ট পরীক্ষা সম্পন্ন হইবার কথা। এই অবস্থায় বন্যার কারণে মহা টেনশনে পড়িয়াছে '৯৯ সালের এসএসসি পরীক্ষার্থীরা। কলেজগুলি সরকারী নির্দেশ বাস্তবায়ন নিয়া পড়িয়াছে বিপাকে। কারণ এখন পর্যন্ত সিদ্ধান্ত পরিবর্তন করা হয় নাই। জানা গিয়াছে, দেড় মাসব্যাপী ভয়াবহ বন্যাকবলিত এলাকার ছাত্র-ছাত্রীরা লেখাপড়া করিতে পারিতেছে না। স্কুল এবং পড়াশুনা পুরাপুরি বন্ধ। এই সকল স্কুল-কলেজের অর্ধেকেরও বেশী ভাসিয়া গিয়াছে। সেপ্টেম্বর মাসের মধ্যে পানি কমিয়া গেলেও নির্মাণ কাজ এবং পরীক্ষা ও ভর্তির প্রস্তুতি নিতে আরও দুই মাস লাগিয়া যাইতে পারে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গিয়াছে, গতকাল পর্যন্ত ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা মন্ত্রণালয়ে আসিয়াছে। এই তালিকা অনুযায়ী মন্ত্রণালয় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ ও সংস্কারের উদ্যোগ নিবে।

জানা যায়, সারাদেশ হইতে আগামী বছর এসএসসি পরীক্ষায় প্রায় ৮ লক্ষ ছাত্র-ছাত্রীর অংশ নেওয়ার সম্ভাবনা রহিয়াছে। ইহার মধ্যে সাড়ে ৫ লক্ষই বন্যাকবলিত এলাকার।